

ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ২৪

আরবি মূল আয়াত:

إِنِّي إِذَا لَفِي ضَلَالٍ مُّبِينٍ ﴿٢٤﴾

অনুবাদসমূহ:

‘এরূপ করলে নিশ্চয় আমি স্পষ্ট বিভ্রান্তিতে পতিত হব’। — আল-বায়ান

তা যদি করি, তাহলে আমি স্পষ্ট পথভ্রষ্টতেই পতিত হব। — তাইসিরুল

এরূপ করলে আমি অবশ্যই স্পষ্ট বিভ্রান্তিতে পতিত হব। — মুজিবুর রহমান

Indeed, I would then be in manifest error. — Sahih International

২৪. এরূপ করলে অবশ্যই স্পষ্ট বিভ্রান্তিতে পড়ব।

-

তাফসীরে জাকারিয়া

(২৪) এরূপ করলে আমি অবশ্যই স্পষ্ট বিভ্রান্তিতে পড়ব। [1]

[1] অর্থাৎ, যদি আমিও তোমাদের মত এক আল্লাহকে ছেড়ে সেই ক্ষমতাহীন অসহায় উপাস্যদের উপাসনা শুরু করে দিই, তবে আমিও প্রকাশ্য পথভ্রষ্টতায় নিমজ্জিত হয়ে যাব। অথবা ضَلَال (বিভ্রান্তি) শব্দটি এখানে خُسْرَان (ক্ষতি) অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ এটা তো একেবারে ক্ষতিকর বাণিজ্য হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3729>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন